দৈনিক
ইত্তেফাক

তারিখ ..17 AUG 2009.....
পৃষ্ঠা ...১৫ কলাম.....৫.....

ঢাবিতে শিক্ষক নিয়োগ প্রশ্নে হাইকোর্টের রুল

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগে শিক্ষক নিয়োগ নিয়ে সিন্ডিকেটের সিদ্ধান্ত কেন অবৈধ ও আইনগত কর্তৃত্ব বহির্ভূত হবে না তা জানতে চেয়ে বিশ্ববিদ্যালয় ভিসি ও সিন্ডিকেট সদস্যদের ওপর রুল জারি করেছে হাইকোর্ট। আগামী ২ সপ্তাহের মধ্যে সংশ্লিষ্টদের কারণ দর্শাতে বলা হয়েছে।

গতকাল রবিবার বিচারপতি তারিক-উল হাকিম ও বিচারপতি বেবেহন উদ্দিনকে নিয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ এই আদেশ প্রদান করেন। নিয়োগ সংক্রান্ত সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের সহকারি অধ্যাপক মুহা. জাহাঙ্গীর আলম রিট আবেদন করেন। আবেদনকারীর কৌঁসুলি ছিলেন ব্যারিস্টার মাহিন আহমেদ।

উল্লেখ্য, গত ৪ আগস্ট সিন্ডিকেট সমাজ বিজ্ঞান বিভাগের ৪ জন শিক্ষককে পদোন্নতি এবং একজনকে স্থায়ী নিয়োগ দেয়।